বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪২

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সেমিনার প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উদ্যোগে গত ১৬ জুলাই ২০২৫ তারিখে **প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে** সেমিনার অনুষ্ঠিত হয়। দুপুর ০৩:৩০ ঘটিকায় বিএসইসির মাল্টিপারপাস হলে উক্ত সেমিনার শুরু হয়। উক্ত সেমিনারে বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর ও বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ উপস্থিত ছিলেন। বিএসইসির সকল নির্বাহী পরিচালক, পরিচালক, অতিরিক্ত পরিচালক এবং সিএফডি ও সিএমআরআরসি বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি পাবলিক ইস্যু রুলস ও এর সংশোধনীসমূহ, কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তির কারণ, পুঁজিবাজারে তালিকাভুক্তির সুবিধা ও অসুবিধা, পুঁজিবাজারে ফেয়ার ভ্যালু নির্ধারণে প্রাইস ডিসকোভারি প্রক্রিয়া, বুক বিল্ডিং ফ্লোটেশন মেথড ও ফিক্সড প্রাইস মেথড, ডাচ অকশন পদ্ধতি, ইংলিশ অকশন পদ্ধতি, ইলেকট্রনিক সাবস্ক্রিপশন সিস্টেম, শেয়ার লক ইন, আইপিও প্রাইস স্ট্যাবিলাইজেশনে আন্ডাররাইটারের ভূমিকা ইত্যাদিসহ আরো বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

উক্ত সেমিনারে বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী তার বক্তব্যে বিএসইসির পক্ষ হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমামকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অনুষ্ঠিত সেমিনারের মাধ্যমে বিএসইসির কর্মকর্তারা অনেক কিছু জেনেছেন ও সমৃদ্ধ হয়েছেন বলে উল্লেখ করেন তিনি। আগামীতেও এধরণের সেমিনার আয়োজনের কথা উল্লেখ করেন তিনি। এর মাধ্যমে দেশের পুঁজিবাজার ও অর্থনীতি সমৃদ্ধ হবে এবং দেশের উন্নতি নিশ্চিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৭/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র



